

প্রথম পর্যায়ে অংশগ্রহণের নিয়মাবলী ও সময়সূচী

- অনলাইন ও অফলাইন আবেদন পত্র পাওয়া যাবে **২২ ফেব্রুয়ারি, ২০২৬** থেকে।
- আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ **২২ এপ্রিল ২০২৬**। আবেদনপত্র জমা দেওয়ার পর একটি ভিডিও অনলাইনের মাধ্যমে জমা দিতে হবে। ভিডিও জমা দেওয়ার শেষ তারিখ **২২ এপ্রিল, ২০২৬**।
- আবেদনপত্রের সঙ্গে অবশ্যই বয়সের প্রমাণপত্র জমা দিতে হবে।
- প্রত্যেক আবেদন পত্র জমা দেওয়ার পর একটি করে ইউনিক কোড পাবেন যা সযত্নে রাখতে হবে। পরবর্তী পদক্ষেপে এই নম্বরের বিশেষ প্রয়োজনীয়তা থাকবে।
- আবেদনপত্র দেওয়ার পর একটি ভিডিও অনলাইনের মাধ্যমে জমা দিতে হবে। ভিডিওতে গান শুরুর আগে প্রতিযোগীকে নিজের নাম, বয়স, বিভাগের নাম এবং ইউনিক কোড উল্লেখ করতে হবে। হারমোনিয়াম অথবা তানপুরা এবং তাল্যবাদ্যের ব্যবহার করতে হবে। প্রতিযোগীকে হারমোনিয়াম নিজে বাজাতে হবে।
- গানের সময়সীমা সর্বোচ্চ ৪ মিনিট।
- ভিডিও ও ল্যান্ডস্কেপ মোডে করতে হবে অন্যথায় বাতিল বলে গণ্য হবে। কোনোরকম সাউন্ড এফেক্ট (রিভার্ব, ডিলে) ব্যবহার করা যাবে না। ভিডিও এডিটিং অ্যাপে নেওয়া কঠোরভাবে নিষিদ্ধ।
- গানের শুরুতে এবং মাঝে কোনো প্রিলিউড এবং ইন্টারলিউডের ব্যবহার করা যাবে না।
- মুক্তছন্দ তথা তালছাড়া গান গৃহীত হবে না।
- এই পর্যায়ের ফল ঘোষণা হবে **২৬ এপ্রিল ২০২৬** (সমস্ত প্রতিযোগী)
- এই পর্বে নির্বাচিত প্রতিযোগীদের নাম জানানো হবে নব রবি কিরণের অফিশিয়াল ফেসবুক পেজে (facebook.com/NabaRobikironOfficial)

দ্বিতীয় পর্যায়ের নিয়মাবলী ও সময়সূচী

- দ্বিতীয় পর্যায়টি হবে অফলাইনে। দ্বিতীয় পর্যায়ের স্থান দুটি। প্রথমটি কলকাতার নালন্দা ভবন (২৫ সাদার্ন এভিনিউ, কলকাতা ২৬) এবং দ্বিতীয়টি নব নালন্দা স্কুল (পশ্চিমপল্লী, শান্তিনিকেতন)। প্রতিযোগীরা নিজেদের সুবিধামত স্থান বেছে নেওয়ার সুযোগ পাবে।
- নির্বাচিত গানের সর্বোচ্চ সময়সীমা চার মিনিট।
- হারমোনিয়াম ও তানপুরার ব্যবস্থা প্রতিষ্ঠানের তরফ থেকে করা হবে। প্রতিযোগীদের হারমোনিয়াম অথবা তানপুরার সাহায্য নিতে হবে। অন্য কোনো যন্ত্র এই পর্যায়ে গ্রাহ্য হবে না। প্রতিযোগীর পক্ষে কেউ হারমোনিয়াম বা তানপুরা বাজিয়ে দিতে পারবেন না। সংস্থার পক্ষ থেকে তবলা এবং তবলাবাদক থাকবেন তবে কেউ চাইলে তবলাবাদক সঙ্গে আনতে পারেন।
- গানের তিনটি প্রতিলিপি পত্র জমা দিতে হবে।
- মুক্তছন্দ তথা তালছাড়া গান গৃহীত হবে না। বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত।
- কলকাতায় প্রতিযোগিতা হবে **১৬ মে ২০২৬** এবং শান্তিনিকেতনে প্রতিযোগিতা হবে **১৭ মে ২০২৬**।
- দ্বিতীয় পর্যায়ের ফল প্রকাশ হবে **১৯ মে ২০২৬**।
- এই পর্বে নির্বাচিত প্রতিযোগীদের নাম জানানো হবে নব রবি কিরণের অফিশিয়াল ফেসবুক পেজে (facebook.com/NabaRobikironOfficial)

তৃতীয় পর্যায়ের নিয়মাবলী এবং সময়সূচী

তৃতীয় পর্যায়টি অনুষ্ঠিত হবে **২৩ মে ও ২৪ মে ২০২৬** কলকাতায়।



৪র্থ বর্ষ

আরা বাহা বর্ষাব্দ্যংগিত প্রতিযোগিতা



ফলাফলের দিন ২৬ মে ২০২৬।

এই পর্বে নিবাচিত প্রতিযোগীদের নাম জানানো হবে নব রবি কিরণের ফেসবুক পেজে
(facebook.com/NabaRobikironOfficial)

চূড়ান্ত পর্যায়ের নিয়মাবলী ও সময়সূচী

- বিচারকদের ইচ্ছা অনুসারে প্রতিযোগীকে একাধিক গান গাইতে হতে পারে এবং গান সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে হতে পারে।
- প্রতিযোগীকে ঐদিন দর্শকদের উপস্থিতিতে গাইতে হবে। এই পর্যায় অনুষ্ঠিত হবে কলকাতায়।
- প্রতিষ্ঠানের পক্ষ থেকে যত্নানুষ্ণের ব্যবস্থা থাকবে। এক্ষেত্রে প্রতিযোগীদের আনা কোনো যন্ত্রশিল্পীকে গ্রাহ্য করা হবে না।
- নিবাচিত প্রতিযোগীদের গ্রহণ করা হবে ৩০ মে ২০২৬।
- চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ৭ জুন ২০২৬ অহীন্দ্র মঞ্চে।

